# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম
www.ccc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**(প্রেস বিজ্ঞপ্তি)** **০৮ মার্চ ২০২২**

আন্তর্জাতিক নারী দিসবের আলোচনা সভায় মেয়র

## সমাজ বিনির্মাণে নারীরাই প্রকৃত কারিগর

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, নারীকে প্রথমত নারী নয়, মানুষ ভাবতে হবে। আনতে হবে মানসিক পরিবর্তন। নইলে নারীর যে অর্জন, তা টেকসই হবে না। নারী পুরুষের সমতা গড়তে পারে টেকসই আগামী। সমাজ বিনির্মানে নারীরাই প্রকৃত কারিগর। তাই আমরা চাই সমাজের প্রতিটি জায়গায়, প্রতিটি স্তর হবে মানুষের জন্য নিরাপদ। আজ সকালে নগরীর থিয়েটার ইনস্টিটিউট হলে ইউএনডিপি আয়োজিত আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে টেকসই আগামীর জন্য ডেন্ডার সমতাই আজ অগ্রগণ্য শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন চসিক নারী ও শিশু স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর জেসমিন পারভীন জেসী, নারী নত্রী জেসমিনি সুলতানা পারু, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, টাউন ম্যানেজার মো. সরোয়ার হোসেন খান, টাউন ফেডারেশনের চেয়ারপার্সন কোহিনুর আক্তার, কনিকা চৌধুরী প্রমুখ।

মেয়র আরো বলেন, নারীরা সর্বক্ষেত্রে এগিয়ে যাচ্ছে। তবে এই এগিয়ে চলার পথে বৈষম্যগুলো এখনো বিদ্যমান, এই পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে রাস্ট্র যেমন এগিয়ে আসছে, তার সাথে নিজেদের মন-মানসিকতাও পরিবর্তণ করতে হবে। দেশের গুরুত্বপূর্ণ সব প্রতিষ্ঠানে যোগ্যতার সঙ্গে নারীরা কাজ করে গেলেও এখনো তাকে ঘরে ফিরতে নিরাপত্তাহীনতায় ভূগতে হয়। এ জন্য সমাজ ও রাস্ট্রকে দায়িত্ব নিতে হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম বলেন, রাস্ট্র, সমাজসহ পরিবারে যদি পিঁছিয়ে থাকে নারীরা, তাহলে সেটা সমাজ ব্যবস্থার উপরই তার নেতিবাচক প্রভাব পড়ে। তাই নারী-পুরুষ নির্বিশেষে সমঅধিকারের ভিত্তিতে প্রতিষ্ঠিত সমাজই হচ্ছে একটি আদর্শ সমাজ ব্যবস্থা।

পরে অনুষ্ঠানে প্রধান অতিথি সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী নারীর ক্ষমতায়নে বিশেষ অবদান রাখায় শিক্ষাবিদ ও সংস্কৃতিক ব্যক্তিত্ব প্রফেসর হাসিনা জাকারিয়া বেলা, চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রিজের সাবেক সভাপতি লায়ন কামরুন মালেক ও নারী নেত্রী মানবাধিকার কর্মী জেসমিন সুলতানা পারুকে সম্মাননা স্মারক ও ইউএনডিপি'র সৌজন্যে ছয়জন নারী উদ্যেক্তার মাঝে উপহার সামগ্রী তুলে দেন। অনুষ্ঠান শেষে মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

## অবৈধ দখলদ উচ্ছেদ, অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশের জন্য ডেজার্ট এন্ড বেকারীকে ৫০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে খুলশী থানাধীন পূর্ব নাসিরাবাদস্থ আব্দুল কাদের সড়কের পার্শ্বে সিটি কর্পোরেশন জায়গা থেকে অবৈধ দখলদার উচ্ছেদ করে ০৫১২ একর জায়গা এস্টেট শাখাকে বুঝিয়ে দেওয়া হয়।

একই অভিযানে নাসিরাবাদ ২নং গেইটস্থ ডেজার্ট এন্ড বেকারীকে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশসহ, কর্মচারীদের স্বাস্থ্য সনদ না থাকায় এবং মেয়াদ বিহীন বিভিন্ন কালার, ফ্লেভার, সেন্ট, গাম ব্যবহারের দায়ে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে স্থানীয় কাউন্সিলর মোঃ মোরশেদ আলম, সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, খুলশী থানা ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

একুশে বইমেলায় হাসিনা মহিউদ্দিন

## ভাষা সংগ্রামের সঠিক ইতিহাস
## নতুন প্রজন্মকে জানানো আমাদের নৈতিক দায়িত্ব

চট্টগ্রাম মহানগর মহিলা আওয়ামী লীগ সভাপতি হাসিনা মহিউদ্দিন বলেন, বাঙালি নারীর অগ্রগতির বড় ধাপ ভাষা আন্দোলনে সম্পৃক্ত হওয়া। তাদের এ সক্রিয় অংশগ্রহণ একটি সচেতন প্রয়াস। নারী ভাষা সংগ্রামীদের নাম ও তাদের অবদান নিয়ে ইতিহাসে খুব কম আলোচিত হয়েছে। ভাষা সংগ্রামের ইতিহাস সঠিকভাবে জানা ও তা নতুন প্রজন্মকে জানানো আজ আমাদের নৈতিক দায়িত্ব। তা যদি আমরা করতে পারি তবেই আগামী প্রজন্ম তাদের মা-বোনেদের কীর্তিগাঁথা শুনে গৌরবান্বিত হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সৃজনশীল প্রকাশনা পরিষদ ও নাগরিক সমাজের সহযোগীতায় বঙ্গবন্ধুকে নিবেদিত অমর একুশে বই মেলায় আজ মঙ্গলবার বিকেলে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের বিভিন্ন উদ্যোগের সফল বাস্তবায়নের ফলে নারী উন্নয়ন আজ সুস্পষ্টভাবে দৃশ্যমান। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় তৃণমূলপর্যায়ের নারীদের আত্মকর্মসংস্থানমূলক কর্মকাণ্ডে অন্তর্ভুক্ত করা হচ্ছে। এতে দারিদ্র্যতা হ্রাস পাচ্ছে। হাসিনা মহিউদ্দিন বলেন, লিঙ্গ সমতা ও নারীর ক্ষমতায়নে বাংলাদেশ এখন বিশ্বের রোল মডেল।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র আফরোজা কালামের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন অমর একুশে বইমেলা কমিটির আহ্বায়ক কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু। প্রধান আলোচক সাবেক এমপি ঢাকা উত্তর মহিলা যুবলীগের সভাপতি সাবিনা আক্তার তুহিন। আলোচক বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজার মাহফুজা আক্তার ও সাংবাদিক ডেইজি মওদুদ।

প্রধান আলোচকের বক্তব্যে সাবিনা আক্তার তুহিন বলেন, সভ্যতার গোড়াপত্তন ও তার ক্রমবিকাশে নারীর ভূমিকা পুরুষের চেয়ে কম নয়। ৭১ সালের মুক্তিযুদ্ধ প্রকৃত অর্থেই ছিল জনযুদ্ধ। নারী-পুরুষ নির্বিশেষে সবাইই সর্বাত্মক এই যুদ্ধে শামিল হয়েছিল সমানভাবে। নারীরা ধর্ষিত বা অত্যাচারিত হয়েছেন, মুক্তিযুদ্ধের ইতিহাসে এটা যেমন বড় হয়ে উঠেছে, তার চেয়েও বড় সত্য মুক্তিযোদ্ধা হিসেবে নারীসমাজ লড়াই করেছে, অথচ আফসোসের সঙ্গে বলতে হয়, মুক্তিযুদ্ধে নারীর অবদানের সঠিক মূল্যায়ন আজও হয়নি। এই অতিমারি দেখিয়েছে নারী নেতৃত্ব কতটা ইতিবাচক। করোনা অতিমারির সঙ্গে মানব সভ্যতার যুদ্ধে তারাই অগ্রণী ভূমিকা পালন করেছেন। আন্তর্জাতিক নারী দিবসের মূল লক্ষ্যই হলো নারীর ন্যায্য অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে সমাজের অগ্রগতি সাধন। তাই নারী ও পুরুষ সমান মর্যাদা ও অধিকার পেলেই আন্তর্জাতিক নারী দিবস যথাযথ মর্যাদা পাবে, অর্জিত হবে নারী দিবসের অভিষ্ঠ লক্ষ।

সভাপতির বক্তব্যে প্যানেল মেয়র আফরোজা কালাম বলেন, আন্তর্জাতিক নারী দিবসের মধ্য দিয়ে নারীত্বের উৎসব পালিত হয়। জাতি, ধর্ম, ভাষা, সংস্কৃতি, অর্থনৈতিক বা রাজনৈতিক ভেদাভেদ ভুলে নারীদের কৃতিত্বকে স্বীকৃতি জানানো এবং নারীদের সমান অধিকারের লড়াই জোরদার করা এই দিনটি পালনের অন্যতম উদ্দেশ্য। তাই আসুন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে নারী পুরুষের যৌথ প্রচেষ্টায় বিনির্মাণ করি জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩